



জরুরী

উপজেলা নির্বাহী কর্মকর্তা
সংশ্লিষ্ট উপজেলা।


বিষয়: বাউবি পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৫ এর ২৩/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র হস্তান্তর প্রসঙ্গে।

জনাব

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৫ গত ২৮/১০/২০১৬ খ্রি: তারিখে সারা দেশব্যাপী সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে শুরু হয়েছে। অনিবার্য কারণবশত: আগামী ২৩/১২/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষার বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ইতোপূর্বে প্রেরিত প্রশ্নপত্র (সৃজনশীল ও বহুনির্বাচনী) বাতিল করা হয়েছে। সে প্রেক্ষিতে আপনার জেলার ট্রেজারীতে আপনার উপজেলার সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য বিজি প্রেস কর্তৃক মুদ্রিত উল্লিখিত বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রশ্নপত্র আগামী ২১/১২/২০১৬ তারিখে জেলা ট্রেজারী হতে গ্রহণপূর্বক উপজেলার নিরাপদ হেফাজত/থানা লকারে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ জানানো হল।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদসহ।


২১/১২/১৬

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি কার্যার্থে:

- ১। ট্রেজারী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ২১/১২/২০১৬ তারিখে বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের প্রশ্নপত্রের গালাসীলকৃত প্যাকেট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রেরিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।
- ২। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি ২১/১২/২০১৬ তারিখে জেলা ট্রেজারীতে উপস্থিত থেকে প্রশ্নপত্রের গালাসীলকৃত প্যাকেট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রেরিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

অবগতির জন্য:

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। আঞ্চলিক পরিচালক (সকল) বাউবি।
- ৩। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।